

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ
www.shibaloy.manikganj.gov.bd

স্মারক নং : ০৫.৩০.৫৬৭৮.০০০.০২.০১৪.১৯- ৫৮৮

তারিখ : ০৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের এস.আর.ও নং ৮৯-আইন/২০১৫, তারিখ ০৪ মে ২০১৫ প্রকাশিত স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক শিবালয় উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন সমূহের ওয়ার্ড এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সরকারী অংশের ৩৭৫০/- ও ইউপি অংশের ৩৭৫০/-) টাকা বেতনে ‘গ্রাম পুলিশ (মহলাদার)’ পদে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। (স্ব স্ব ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে লোক নিয়োগ করা হবে।) নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের ওয়েব সাইট www.shibaloy.manikganj.gov.bd এ পাওয়া যাবে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	শূন্য পদের সংখ্যা	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	তেওতা	১,৩,৯	৩(তিন)	অনূর্ধ্ব ৩২ বৎসর	নূন্যতম অষ্টম শ্রেণী পাস
০২	শিবালয়	৮,৯	২(দুই)		
০৩	উলাইল	১	১(এক)		
০৪	মহাদেবপুর	৬	১(এক)		
০৫	শিমুলিয়া	২,৬,৮,৯	৪(চার)		

শর্তাবলী:

- আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জাতীয়তা, (ছ) ধর্ম, (জ) জন্ম তারিখ, (ঝ) উচ্চতা, (ঞ) বয়স (১৫ অক্টোবর ২০২৬ খ্রি: তারিখে প্রার্থীর বয়স), (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) জাতীয় পরিচয়পত্র নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করতে হবে।
- আবেদনের সাথে সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ, শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সহ উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।
- প্রার্থীর বয়স ১৫ অক্টোবর ২০২৬ খ্রি: তারিখে ১৮-৩২ বছর হতে হবে।
- শারীরিক যোগ্যতা:

প্রার্থীর ধরণ	উচ্চতা	বুকের মাপ	ওজন
পুরুষ প্রার্থী	সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি	৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)	সর্বনিম্ন ৫০ কেজি
মহিলা প্রার্থী	সর্বনিম্ন ৫ ফুট	২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)	সর্বনিম্ন ৪৫ কেজি

- কোন অবস্থাতেই অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদনপত্র জমা দেওয়ার স্থান, তারিখ ও সময়: নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ২১/০৯/২০২৬ হতে ১৫/১০/২০২৬ খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন সময়।
- নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্র গ্রহণ, বাতিল ও নিয়োগের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


২০/০৯/২৬
মনিষা রানী কর্মকার
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ
ফোন: ৯৯৬৬১৬০০১

ই-মেইল: unoshibalay@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৩০.৫৬৭৮.০০০.০২.০১৪.১৯— ৫৬৬

তারিখ : ০৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ।
- ৩। অফিসার ইনচার্জ, শিবালয় থানা, মানিকগঞ্জ।
- ৪। উপজেলা প্রকৌশলী, শিবালয়, মানিকগঞ্জ।
- ৫। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
- ৬। ইউপি চেয়ারম্যান (সকল), শিবালয়, মানিকগঞ্জ (বহুল প্রচারের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।


২০/০৯/২৬
মনিষা রানী কর্মকার
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ